



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২৬৬৮৫

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৩৫/ ২৩৭৪

তারিখঃ ২/১২/২০১৬খ্রিঃ

বিষয়ঃ পত্তাশী এস দাখিল মাদরাসার সুপার মোঃ তাজাম্মুল হোসেনকে স্ব-পদে পুনর্বহাল প্রসঙ্গে।


সূত্রঃ ১) মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং- ১০৬১৩/২০১৬; তারিখঃ ০৬/০৯/২০১৬
২) বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত (তারিখঃ ০৭.১১.২০১৬)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন পত্তাশী এস দাখিল মাদরাসার সুপার কর্তৃক রিট পিটিশন নং- ১০৬১৩/২০১৬ এ দরখাস্তকারীর ০১.০৮.২০১৬খ্রিঃ তারিখের দরখাস্ত নিষ্পত্তির জন্য নির্দেশ দেওয়া হয়। উল্লেখ্য উক্তরূপ নির্দেশ জারীর পূর্বেই বোর্ড কর্তৃক ৫৫নং নোট অনুচ্ছেদ এর সিদ্ধান্তের ধারাবাহিকতায় বিগত ২৬/০৯/২০১৬খ্রিঃ তারিখে স্মারক নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৩৫/২০১০ মোতাবেক সুপারকে চূড়ান্ত বরখাস্ত ও পুনর্বহাল সংক্রান্ত আবেদন এ বর্ণিত অভিযোগ বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিলের জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারের নিকট পত্র দেওয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সভাপতি কর্তৃক বিগত ২০/১০/২০১৬খ্রিঃ তারিখে (১৩/১০/২০১৬ইং তারিখে স্বাক্ষরিত) জবাব প্রদান করেছেন ও সাথে ১২/১০/২০১৬ইং তারিখের ম্যানেজিং কমিটির রেজুলিউশন সংযুক্ত করেছেন।

সভাপতি কর্তৃক দাখিলকৃত জবাব, রেজুলিউশন ও নথি পর্যালোচনায় দেখা যায় যে, বিগত ০৬/১০/২০১৬খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির ০৫/১০/২০১৬ইং তারিখের সিদ্ধান্তের আলোকে সুপারকে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে চূড়ান্ত বরখাস্ত করে পত্র দেওয়া হয়। অন্যদিকে বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৩৫/৮-২৯; তারিখঃ ১৭.০১.২০১৬ সভাপতির বিরুদ্ধে অনিয়ম ও সুপারকে অবৈধভাবে বরখাস্ত সংক্রান্ত বিষয়ে অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেওয়ার জন্য স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দেওয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুর, উপজেলা সমাজসেবা অফিসার এর মাধ্যমে তদন্ত করিয়ে তদন্ত প্রতিবেদনের সাথে একমত পোষন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, "মাদরাসার সুপারকে সভাপতি সাহেব যে চূড়ান্ত বরখাস্ত করেছেন এ ব্যাপারে ম্যানেজিং কমিটির সভায় কোন সিদ্ধান্ত হয় নাই বলে উপস্থিত সদস্যগণ জানান"।

নথি পর্যালোচনা ও সভাপতি কর্তৃক দাখিলী কাগজপত্র ও জবাব মোতাবেক সুপারকে চূড়ান্ত বরখাস্ত করার পূর্বে বোর্ডে চূড়ান্ত বরখাস্ত সংক্রান্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য কোনরূপ আবেদন দাখিল করা হয় নাই। চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত কমিটি কর্তৃক নেওয়া হয় নাই মর্মে বোর্ডের অনুরোধের প্রেক্ষিতে তদন্তে উল্লেখ করা হয়েছে। সভাপতি কর্তৃক দাবীকৃত তদন্তের কপি বোর্ডে দাখিল করা হয় নাই, তদন্তের ধারাবাহিকতায় বিভাগীয় কার্যক্রমের কোন কিছুই উল্লেখ করেন নাই, কোন কারণ দর্শানো হয়েছে কিনা তাহাও উল্লেখ করেন নাই।

সার্বিক বিবেচনায় বর্ণিত কারণে সভাপতির উল্লিখিত চূড়ান্ত বরখাস্ত কোন ভাবেই বিধি মোতাবেক করা হয় নাই ও বোর্ডের কোন অনুমোদন না থাকায় তাহার কোন আইনগত কার্যকারিতা নাই বিধায় সুপারকে তাঁর দায়িত্ব পালনে বাধা না দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেওয়া হলো।


তারিখঃ ০২/১২/২০১৬
মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৫৮৬১০২০২

- প্রাপকঃ ১) সভাপতি, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
২) ভারপ্রাপ্ত সুপার, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৩) জনাব মোঃ তাজাম্মুল হোসেন, সুপার, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৩৫/

তারিখঃ / / ২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জ্ঞাতার্থেঃ

১. জেলা প্রশাসক, পিরোজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৪. পি এ টি চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

তারিখঃ ০২/১২/২০১৬
মোঃ কামাল উদ্দিন
উপ-রেজিস্ট্রার (প্রশাসন, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৫৪০৩